সংযুক্তি ৩ ঃ

## মানব পাচার বিরোধী কমিটিগুলোর গঠনতন্ত্র ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা
## মানব পাচার প্রতিরোধ কমিটি গঠন ও নীতিমালা

(ক) জেলা মানব পাচার প্রতিরোধ কমিটি:

| ক্রমিক | সদস্যবৃন্দ | পদ মর্যাদা |
|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ০২ | সুপারেন্টেনডেন্ট অফ পুলিশ (এস.পি) | সদস্য |
| ০৩ | সভাপতি, জেলা বার সমিতি | সদস্য |
| ০৪ | স্পেশাল পাবলিক প্রসিকিউটর/পাবলিক প্রসিকিউটর (এসপিপি/পিপি) (যারা মহিলা ও শিশু পাচার সংক্রান্ত মামলা পরিচালনা করছেন) | সদস্য |
| ০৫ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ০৬ | জেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ০৭ | জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| ০৮ | বিজিবি এর প্রতিনিধি | সদস্য |
| ০৯ | আনসার-ভিডিপি এর প্রতিনিধি | সদস্য |
| ১০ | সিটি কর্পোরেশন/পৌরসভা এর প্রতিনিধি (বিভাগীয় জেলায়) | সদস্য |
| ১১ | বিষয়সংশ্লিষ্ট বেসরকারী সংস্থাসমূহের প্রতিনিধি (ডিসি কর্তৃক মনোনীত সর্বোচ্চ ৫টি সংস্থা) | সদস্য |
| ১২ | সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) | সদস্য |
| ১৩ | সভাপতি, জেলা প্রেস ক্লাব | সদস্য |
| ১৪ | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৫ | সিভিল সার্জন | সদস্য |
| ১৬ | উপ-পরিচালক, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ | সদস্য |
| ১৭ | জেলা প্রাথমিক ও গণশিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৮ | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৯ | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ২০ | জেলা পুলিশ মনিটরিং সেল প্রধান | সদস্য |
| ২১ | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (DEMO)'র প্রতিনিধি | সদস্য |
| ২২ | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, শিশু একাডেমী | সদস্য |
| ২৩ | জেলা কালচারাল অফিসার, শিল্পকলা একাডেমী | সদস্য |
| ২৪ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেল পুলিশ | সদস্য |
| ২৫ | অধ্যক্ষ, উচ্চ মাধ্যমিক/মহাবিদ্যালয় (ডিসি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৬ | জেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| ২৭ | স্থানীয় গণ্যমান্য ব্যক্তি (ডিসি কর্তৃক মনোনীত সর্বোচ্চ ২ জন) | সদস্য |
| ২৮ | জেলা আইন সহায়তাগত কমিটি'র প্রতিনিধি | সদস্য |
| ২৯ | অঞ্চলিক পাসপোর্ট দপ্তর'এর প্রতিনিধি | সদস্য |
| ৩০ | শিশু প্রতিনিধি (ডিসি কর্তৃক নির্বাচিত ১ জন মেয়ে ও ১ জন ছেলে শিশু) | সদস্য |
| ৩১ | যুব প্রতিনিধি (ডিসি কর্তৃক নির্বাচিত ১ যুব নারী ও ১ জন যুব পুরুষ) | সদস্য |
| ৩২ | জেলা প্রশাসন কার্যালয়ের মানব পাচার ও প্রবাসী কল্যাণ ডেস্ক কর্মকর্তা | সদস্য সচিব |

**সংশ্লিষ্ট জেলার সকল জাতীয় সংসদ সদস্যগণ এই কমিটির উপদেষ্টা হিসেবে সম্পৃক্ত থাকবেন।**

কোর কমিটি:
সিটিসির সক্ষমতা বৃদ্ধি, গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ, তত্ত্বাবধান ও কমিটির নিয়মিত বৈঠক নিশ্চিত করতে- সভাপতি সিটিসির সভার মাধ্যমে তার নেতৃত্বে সরকারি ও বেসরকারি প্রতিনিধির সমন্বয়ে অনধিক দশ সদস্যের একটি কোর-কমিটি গঠন করবেন।

(খ) জেলা মানব পাচার প্রতিরোধ কমিটির কর্মপরিধিঃ

| ক্রমিক | কর্মপরিধি |
|---|---|
| ০১ | মানব পাচার সংক্রান্ত মামলা দ্রুত নিস্পত্তির লক্ষ্যে মামলাসমূহ মনিটর করা; |
| ০২ | পাচার বিষয়ক কেসসমূহ প্রতি মাসের CTC সভায় বিশ্লেষণ করতে হবে;<br>মানব পাচার প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে;<br>জেলা পর্যায়ে পাচার প্রতিরোধে পুলিশ মনিটরিং সেল-এর সাথে সমন্বয় করতে হবে;<br>সর্বোপরি পুলিশ মনিটরিং সেল এর সহযোগিতা জোরদার করতে হবে; |
| ০৩ | সমাজের সকল স্তরের জনসাধারণকে সচেতন করার জন্য বাজার সভা এবং হতদরিদ্র নারী ও কিশোরীদের অংশগ্রহণে উঠান বৈঠক আয়োজন করা; |
| ০৪ | পাচারের ভিকটিম উদ্ধার, সেল্টার প্রদান, পুনর্বাসন ও তার ফলোআপ কার্যক্রম মনিটরিং করার জন্য ইউনিয়ন পরিষদকে সম্পৃক্ত করা ও বিভিন্ন বেসরকারি সংস্থাসমূহের সাথে সমন্বয় করা; |
| ০৫ | সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমগুলো বাস্তবায়ন এবং পর্যবেক্ষণের জন্য জেলা পর্যায়ে তথ্য অফিসগুলোকে সম্পৃক্ত করতে হবে; |
| ০৬ | পাচারের ঝুঁকিপূর্ণ এলাকাগুলি চিহ্নিত করা এবং জীবিকায়নে সহায়তা করার জন্য যুব ও বেকার জনগোষ্ঠীকে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানে সরকার ও স্থানীয় এনজিওদের কার্যক্রম গ্রহণ করতে হবে; |
| ০৭ | পাচার প্রতিরোধমূলক কার্যক্রম পর্যালোচনা ও সমন্বয় করে পুনরাবৃত্তি এড়ানোর জন্য কৌশল নির্ধারণ করতে হবে; |
| ০৮ | অনিয়মিত অভিবাসন রোধের জন্য পাসপোর্ট অফিসগুলিকে নীতিমালা (guideline) প্রদান করতে হবে; |
| ০৯ | পূর্বের সভার কার্য বিবরণী, বিভাগ বা সংস্থার সাথে পর্যালোচনা করে পরবর্তী কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে; |
| ১০ | উপজেলা পর্যায়ে আলোচ্য বিষয়সমূহ জেলা পর্যায়ের সভায় এজেন্ডায় অন্তর্ভুক্ত করা; |
| ১১ | এই কমিটি যে কোনো সদস্য সংযোজন করতে পারবে; |
| ১২ | প্রতি মাসে একবার সভা অনুষ্ঠিত হবে। সমন্বয় সভার সাথে নয়, পৃথক দিনে CTC সভা অনুষ্ঠিত হবে। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-৩

নং-স্বঃমঃ(বহি-৩)/বিবিধ-০১/২০০৭/১৯০১ তারিখঃ ১০/০৯/২০০৭ খ্রীঃ

## পরিপত্র

বিষয়ঃ বৈবাহিক অবস্থা সম্পর্কিত সনদপত্র প্রদান প্রসঙ্গে।

প্রবাসী বাংলাদেশীদের বৈবাহিক অবস্থা সম্পর্কিত সনদপত্র প্রদানের বিষয়ে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

(ক) দূতাবাস বা মিশনের মাধ্যমে অথবা আবেদনকারীর পক্ষে দেশে নিকট আত্মীয়-স্বজনের মাধ্যমে অথবা দেশে অবস্থানকালীন সময়ে আবেদনকারী নিজে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট বৈবাহিক অবস্থা সম্পর্কিত সনদপত্রের জন্য আবেদন করতে পারবেন।

(খ) আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে ঃ

১. ম্যাজিস্ট্রেট/ নোটারী পাবলিক এর নিকট সম্পাদিত বৈবাহিক অবস্থা সম্পর্কিত এফিডেভিট ;
২. সনদপত্র ফি বাবদ - ৫০০/- (পাঁচ শত) টাকা ব্যাংক চালানের মাধ্যমে -১-২২০১-০০০১-২৬৮১ নং খাতে জমা সংক্রান্ত চালানের কপি ;
৩. চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;
৪. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।

(গ) আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সঠিকতা পুলিশ বিশেষ শাখার মাধ্যমে যাচাই করতে হবে।

(ঘ) পুলিশ বিশেষ শাখা হতে প্রাপ্ত সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে জেলা প্রশাসক অথবা তাঁর মনোনীত কর্মকর্তা বৈবাহিক অবস্থা সম্পর্কিত সনদপত্র ইস্যু করবেন।

(ঙ) জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে পৃষ্ঠাংকন করার লক্ষ্যে জেলা প্রশাসকগণ সনদপত্র পররাষ্ট্র মন্ত্রণালয়ে অগ্রগামী করবেন।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

(সৈয়দা [illegible])
সিনিয়র সহকারী সচিব
ফোন। ৭১৬৭১০৫৮

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার ..........................................................(সকল)।
৭. অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, ঢাকা।
৮. জেলা প্রশাসক .......................................................... (সকল)।
৯. পুলিশ সুপার .......................................................... (সকল)।